

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
শৃঙ্খলা বিষয়ক শাখা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

স্মারক নং-৩৭.০০.০০০০.০৯৫.২৭.৬৭.২০২৩.৬৫৬


তারিখ: ২২ অক্টোবর ১৪৩০ বঙ্গাব্দ  
২৬ নভেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

**অভিযোগনামা**

যেহেতু, আপনি জনাব মো: শাহজাহান আলী (৪৯৯০), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা, প্রাক্তন অধ্যক্ষ, সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া বিগত ২৫/০৬/২০২২ তারিখে সরকারি আজিজুল হক কলেজ অডিটোরিয়ামে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পদ্মাসেতু উদ্বোধন অনুষ্ঠান প্রদর্শনকালীন জনাব জোহরা ওয়াহিদা রহমান, অধ্যক্ষ, সরকারি মুজিবুর রহমান মহিলা কলেজ, বগুড়া এর অনুপস্থিতিতে তাঁকে উদ্দেশ্য করে “ওই রকম মহিলার মাথায় মুতিও না” বলে অশ্লীল, কুরুচিপূর্ণ ও মানহানিকর মন্তব্য করেন এবং আপনার বিরুদ্ধে তদন্ত চলমান থাকা অবস্থায় একই বিষয়ে অসত্য তথ্য পরিবেশন করে পুন: তদন্তের ব্যবস্থা করেন যা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক তদন্তে প্রমাণিত হয়েছে;

যেহেতু, আপনার উক্তরূপ কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী “অসদাচরণ” এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, উপর্যুক্ত অপরাধে আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী কেন আপনার উপর “চাকরি হতে বরখাস্তকরণ” গুরুদণ্ড আরোপ করা হবে না অথবা অন্য কোন উপযুক্ত দণ্ড প্রদান করা হবে না তা উক্ত বিধিমালার ৭(১)(খ) বিধি অনুযায়ী এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য বলা হলো। আত্মপক্ষ সমর্থনে আপনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কিনা তাও নির্ধারিত সময়ের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। যে অভিযোগ বিবরণীর উপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণীত হয়েছে তা এ সাথে সংযুক্ত করা হলো।

  
(সোলেমান খান)  
সচিব

সংযুক্তি: অভিযোগবিবরণী।

**বর্তমান কর্মস্থল:**

জনাব মো: শাহজাহান আলী (৪৯৯০)  
বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

**স্থায়ী ঠিকানা:**

জনাব মো: শাহজাহান আলী (৪৯৯০)  
পিতা: মৃত মো: মোবারক আলী  
গ্রাম: শেরে বাংলানগর (সরকারি আজিজুল হক কলেজ-এর উঃ পাঃ), ডাকঘর: বগুড়া  
উপজেলা: বগুড়া সদর, জেলা: বগুড়া।


**অনুলিপি:**

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

## অভিযোগবিবরণী

জনাব মো: শাহজাহান আলী (৪৯৯০), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা, প্রাক্তন অধ্যক্ষ, সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া বিগত ২৫/০৬/২০২২ তারিখে সরকারি আজিজুল হক কলেজ অডিটোরিয়ামে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পদ্মাসেতু উদ্বোধন অনুষ্ঠান প্রদর্শনকালীন জনাব জোহরা ওয়াহিদা রহমান, অধ্যক্ষ, সরকারি মুজিবুর রহমান মহিলা কলেজ, বগুড়া এর অনুপস্থিতিতে তাঁকে উদ্দেশ্য করে “ওই রকম মহিলার মাথায় মুতিও না” বলে অশ্লীল, কুরুচিপূর্ণ ও মানহানীকর মন্তব্য করেন এবং তার বিরুদ্ধে তদন্ত চলমান থাকা অবস্থায় একই বিষয়ে অসত্য তথ্য পরিবেশন করে পুন: তদন্তের ব্যবস্থা করেন যা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক তদন্তে প্রমাণিত হয়েছে;

জনাব মো: শাহজাহান আলী (৪৯৯০), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা, প্রাক্তন অধ্যক্ষ, সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া এর উক্তরূপ কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী “অসদাচরণ” এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ।

  
25/06/22  
(সোলেমান খান)  
সচিব